



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০১

০৫ জানুয়ারি ২০২৩

তারিখ: -----

২১ পৌষ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

খণ্ড/বিনিয়োগ অবলোপন (write off) নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আগনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের ০২(খ) অনুচ্ছেদে অবলোপনের জন্য নির্বাচিত খণ্ড/বিনিয়োগ হিসাবসমূহের ক্ষেত্রে আগাম আইনগত ব্যবস্থা সূচিত না হয়ে থাকলে অবলোপনের পূর্বে অবশ্যই অর্থ খণ্ড আদালত আইন, ২০০৩ অনুযায়ী মামলা দায়ের করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। তবে অর্থ খণ্ড আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে টাঃ ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) পর্যন্ত যে কোন অংকের অবলোপনযোগ্য খণ্ড/বিনিয়োগ আদালতে মামলা দায়ের ব্যতিরেকে উভ সার্কুলারের ২(গ) এ বর্ণিত নির্দেশনা পরিপালন সাপেক্ষে অবলোপন করা যাবে মর্মেও নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। এক্ষণে, কৃষি (Agriculture) এবং সিএমএসএমই (CMSME) খণ্ডসহ অন্যান্য খাতের খণ্ড/বিনিয়োগ অবলোপনের জন্য বাছাইকৃত ক্ষুদ্র অংকের খণ্ডের মামলা খরচ খণ্ডস্থিতি বিবেচনায় প্রায়শই অধিক হয় বিধায় এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, অর্থ খণ্ড আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে টাঃ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) পর্যন্ত ক্ষুদ্র অংকের খণ্ড অবলোপন করার আবশ্যকতা দেখা দিলে সেক্ষেত্রে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে অবলোপন করা যাবে। তবে, অন্যান্য বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১/২০১৯ এ বর্ণিত নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৪। ইসলামী শরীয়াহ ভিত্তিক ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নীতিমালা অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আগনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২